**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ভিবি জি রাম জি আইন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০৪৭ সালে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে একটি ঐতিহাসিক পদক্ষেপ।**

**(২) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রস্তুতি শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল তিন দিনের গুজরাট সফরে যাবেন।**

**(৪) স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ জাতীয় আইইডি ডেটা ম্যানেজমেন্ট সিস্টেম, NIDMS চালু করেছেন ।**

**(৫) ভগবান বিরসা মুন্ডা ফুটবল প্রতিযোগিতার রাজ্যস্তরের আসর আজ শুরু হয়েছে।**

*****************************************

**G Ram G–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ভিবি জি রাম জি আইন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০৪৭ সালে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে একটি ঐতিহাসিক পদক্ষেপ। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, বিকশিত ভারত–গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজিবিকা মিশন (গ্রামীণ) বা ভিবি জি রাম জি MGNREGA গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের একটি উল্লেখযোগ্য সংস্কার এবং প্রতিস্থাপন। যার লক্ষ্য ১২৫ দিনের কাজের নিশ্চয়তা, পরিকাঠামোর সঙ্গে সংযুক্তকরণ এবং ডিজিটাল বাস্তবায়ন জোরদার করে আয় সুরক্ষা বৃদ্ধি করা। তিনি বলেন, এর ফলে কর্মসংস্থান

বৃদ্ধি, বেকার ভাতা বৃদ্ধি, সঠিক সময়ে মজুরি প্রদান করা যাবে। মুখ্যমন্ত্রী আরো বলেন, এই আইনের ফলে গ্রামীণ মানুষের উন্নয়ন ঘটবে।

#######Byte-CM######

******************************

**Bye Election-Dharmanagar :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রস্তুতি শুরু হয়েছে। উত্তর ত্রিপুরা জেলার নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক চান্দনী চন্দ্রনের পৌরহিত্যে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে আজ এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজেপি, সিপিআই(এম), জাতীয় কংগ্রেস, তৃণমূল কংগ্রেস ইত্যাদি রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় জেলাশাসক জানান, আগামী ১৬ ও ১৭ই জানুয়ারি ধর্মনগর বিধানসভা নির্বাচনী কেন্দ্রে উপ-নির্বাচন উপলক্ষে ইভিএম এবং ভিভিপ্যাট ফাস্ট লেভেল চেকিং করা হবে। এই চেকিং-এর জন্য জেলা পর্যায়ে ইতিমধ্যে একটি দল গঠন করা হয়েছে। চেকিং-এর সময় প্রতিটি রাজনৈতিক দলের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। তাছাড়া উপ-নির্বাচনে কি কি নিয়ম নির্দেশিকা মেনে চলতে হবে তা জেলাশাসক সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন।

******************************

**CM-School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, শিক্ষক-শিক্ষিকাদের গতানুগতিক শিক্ষাদানের উর্ধে গিয়ে আধুনিক শিক্ষার সঙ্গে যুক্ত বিষয়গুলি বিদ্যালয়ের পাঠদানে গুরুত্ব দেওয়া প্রয়োজন। আজ আগরতলার বাপুজী বিদ্যামন্দির হাইস্কুলের নতুন ভবনের ভূমিপূজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা বলেন। তিনি বলেন, বর্তমান আধুনিক শিক্ষা ব্যবস্থা ও কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে পড়াশোনার পদ্ধতি ও বিষয়সমূহ পরিবর্তিত হচ্ছে। তাই শিক্ষক-শিক্ষিকাদের অনুপ্রেরণামূলক পাঠদান শিক্ষার্থীদের মনে গভীর

রেখাপাত করে। যা ভবিষ্যতে শিক্ষার্থীদের এগিয়ে যাওয়ার পথকে সুগম করে এবং সমাজে সুনাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করে।

মুখ্যমন্ত্রী রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে গৃহীত নিপুন ত্রিপুরা, বিদ্যাসেতু মডিউল, মিশন মুকুল, নিপুন কর্ণার, বিদ্যাজ্যোতি বিদ্যালয়, মুখ্যমন্ত্রী মেধা পুরস্কার, সহর্ষ কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে রাজ্যে একটি হেলথ ইউনিভার্সিটি গড়ে তোলার পরিকল্পনার কথা উল্লেখ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র বিধায়ক দীপক মজুমদার, আগরতলার পুর নিগমের শহর দক্ষিণাঞ্চলের চেয়ারপার্সন অভিজিৎ মৌলিক।

***************************

**Swdeshi Mela :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে তিনদিন ব্যাপী স্বদেশী মেলার উদ্বোধন করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বান ভোকাল ফর লোকাল এবং আত্মনির্ভর ভারত। এরজন্য প্রধানমন্ত্রী স্বদেশী পন্যের ব্যবহারে গুরুত্ব দিয়েছেন। সেই লক্ষ্যকে সামনে রেখেই এই স্বদেশী মেলার আয়োজন করেছে আগরতলা পুর নিগম। বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। মেলায় রকমারি স্বদেশী পণ্যের ৪০টি স্টল খোলা হয়েছে।

****************************

**POUSH MELA :**

ঊনকোটি জেলার কুমারঘাটের PWD ময়দানে আজ থেকে পাঁচদিনব্যাপী দ্বিতীয় পৌষমেলা–২০২৬ শুরু হয়েছে। আজ বিকালে এক বর্ণময় অনুষ্ঠানের মধ্য দিয়ে এই মেলার উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, রাজ্য ওয়াকফ

বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি প্রমুখ। মেলা উপলক্ষ্যে প্রতিদিনই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন রয়েছে। মেলা প্রাঙ্গণে ১৫৪টি প্রদর্শনী ও বিপনন স্টল খোলা হয়েছে। মেলা চলবে আগামী ১৩ই জানুয়ারি পর্যন্ত।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল তিন দিনের গুজরাট সফরে যাবেন। প্রধানমন্ত্রী আগামীকাল সন্ধ্যায় সোমনাথে পৌঁছাবেন এবং ওমকার মন্ত্র জপে অংশগ্রহণ করবেন। তিনি সোমনাথ মন্দিরে ড্রোন শোও দেখবেন।

রবিবার, প্রধানমন্ত্রী শৌর্য যাত্রায় অংশ নেবেন। প্রধানমন্ত্রীর এছাড়াও বেশ কিছু কর্মসূচি রয়েছে।

*************************

**NDIMS :**

স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ ভার্চুয়ালভাবে জাতীয় আইইডি ডেটা ম্যানেজমেন্ট সিস্টেম, NIDMS চালু করেছেন, যা দেশের আইইডি-বিরোধী এবং অভ্যন্তরীণ নিরাপত্তা কাঠামোকে শক্তিশালী করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, নতুন এই ব্যবস্থা চালু হওয়ার ফলে আন্তঃসংস্থা সমন্বয় আরও উন্নত হবে। তিনি বলেন, সঠিক সময়ে এবং সঠিক জায়গায় সঠিক তথ্য সরবরাহের ক্ষেত্রে এটি খুবই কার্যকর একটি উপায় হবে।

#####Byte-Amit Shah#####

শ্রী শাহ বলেন, স্বরাষ্ট্র মন্ত্রক গত কয়েক বছর ধরে বিভিন্ন ধরণের তথ্য তৈরি করেছে, কিন্তু এখন পর্যন্ত তা গোপনে রয়েছে। তিনি বলেন যে, এই সমস্ত তথ্য উৎসগুলিকে সংযুক্ত করার এবং তাদের বিশ্লেষণের জন্য একটি উন্নত, কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক সফ্টওয়্যার তৈরি করার প্রচেষ্টা চলছে। তিনি আত্মবিশ্বাস প্রকাশ করেন যে এনআইডিএমএস এই প্রক্রিয়াটিকে ত্বরান্বিত করবে এবং দেশকে সন্ত্রাসবাদ থেকে নিরাপদ করার জন্য এটিকে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলে অভিহিত করেন তিনি।

******************************

**Creator's Corner :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ বলেছেন যে প্রসার ভারতীর WAVES প্ল্যাটফর্মটি বিশ্বব্যাপী ব্যাপক প্রশংসা পেয়েছে এবং পাঁচ হাজার কোটি টাকার আন্তর্জাতিক ব্যবসা করেছে। ডিডি নিউজে কন্টেন্ট ক্রিয়েটারদের ক্ষমতায়নের জন্য একটি নতুন প্ল্যাটফর্ম, ক্রিয়েটর'স কর্নারের উদ্বোধন করে শ্রী বৈষ্ণো একথা বলেন। তিনি বলেন, প্রসার ভারতীর এই নতুন উদ্যোগের লক্ষ্য সৃজনশীল কন্টেন্ট প্রদর্শন এবং প্রচার করা।

#####Byte-Ashwini Vaishnaw######

ক্রিয়েটর'স কর্নার সোমবার থেকে শুক্রবার সন্ধ্যা ৭টায় ডিডি নিউজে সম্প্রচারিত হবে।

****************************

**Electric Department :**

বিদ্যুৎ চুরি বন্ধ করতে হুক লাইন বিরোধী অভিযানে সাফল্য পাচ্ছে রাজ্য বিদ্যুৎ নিগম। গত বছরের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত নিগমের ভিজিলেন্স টিম মোট ৬ হাজার ৫৪৭টি হুক লাইন ছিন্ন করেছে। একই সময়ে ১১ হাজার ৪০১টি মিটার পরীক্ষা করে ১ হাজার ৩৫৭টি মিটারে অনিয়ম ধরা পড়েছে। হুক লাইনে বিদ্যুৎ চুরি ও মিটার ট্যাপিংয়ের অপরাধে মোট জরিমানা করা হয়েছে ২ কোটি ৯২ লক্ষ ৩৮ হাজার ৭৫০ টাকা। এর মধ্যে আদায় হয়েছে ২ কোটি ৫০ লক্ষ ১৮ হাজার ৬৯৭ টাকা। আজ বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

****************************

**PRAGATI :**

কেন্দ্রীয় প্রকল্প "প্রগতি" দেশের বিভিন্ন সরকারি উদ্যোগে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং কার্যকারিতা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। প্রকল্পের লক্ষ্য হলো সরকারি কাজে দ্রুত ও ফলদায়ক অগ্রগতি নিশ্চিত করা এবং নাগরিকদের সুবিধা সর্বাধিক করা। এই নিয়ে আজ রাত ৮টা বেজে ৫ মিনিটে শুনতে পাবেন আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা "প্রগতি প্রকল্পে সরকারি কাজে স্বচ্ছতা" শীর্ষক এক অনুষ্ঠান।

*****************************

**Civil Defence :**

নরসিংগড়স্থিত ভবনস্ ত্রিপুরা কলেজ অব্ টিচার এডুকেশনে সিভিল ডিফেন্সের ছয়দিনের শিবির আজ শেষ হয়েছে। শিবিরে ১৮০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। এন ডি আর এফ-এর অফিসারসহ সাতজনের একটি দল প্রাথমিক চিকিৎসা ও দুর্যোগকালীন পরিস্থিতিতে উদ্ধারের বিভিন্ন কৌশলের প্রশিক্ষণ প্রদান করে।

**********************

**Birsa Munda Football :**

রাজ্য সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ থেকে ভগবান বিরসা মুন্ডা ফুটবল প্রতিযোগিতার রাজ্যস্তরের আসর শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরে উদ্বোধনী খেলায় মেয়েদের বিভাগে পশ্চিম জেলা ৪–০ গোলে সিপাহিজলা জেলাকে পরাজিত করে। তিনি খেলোয়াড়দের সাথে পরিচিতও হন। এই টুর্নামেন্টের স্লোগান হল "Kick for Health, Play for Pride"। রাজ্যস্তরের আসরে মোট ১৬টি দল অংশ নিয়েছে। তিনদিন এই আসর চলবে। জনজাতি কল্যান দপ্তরের সচিব ডাঃ কে শশিকুমার আসরের উদ্বোধন করেন।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ রাত থেকে আগামীকাল সকাল পর্যন্ত রাজ্যের সবকটি জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************